

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিহাতি, টাঙ্গাইল।

স্মারক নং: ০৫.৩০.৯৩৪৭.০০০.০৫.০২৮.১৮-১০৫০

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩০
১২ অক্টোবর ২০২৩


নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ২৯ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ/২৫ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ এস.আর.ও নং-৩৩৬ আইন/২০১৬ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী টাঙ্গাইল জেলার কালিহাতি উপজেলাধীন উল্লিখিত ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দফাদার শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আশ্রয়ী প্রার্থীগণকে আগামী ২৬.১০.২০২৩ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, গ্রাম-পুলিশ নিয়োগ কমিটি, কালিহাতি, টাঙ্গাইল বরাবর সরাসরি অথবা ডাকযোগে আবেদনপত্র প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্র: নং	ইউনিয়নের নাম	শূন্য পদের নাম	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১.	পারশী	দফাদার	০১	উচ্চ মাধ্যমিক পাশ/সমমান/মহাদ্বার পদে ন্যূনতম ১০ (দশ) বছর চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে
২.	নারান্দিয়া	দফাদার	০১	

শর্তাবলী

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং টাঙ্গাইল জেলার কালিহাতি উপজেলার অন্তর্গত সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২৬.১০.২০২৩ খ্রি: তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে (বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরান্নাদেব সন্তানদের ক্ষেত্রে বয়সীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য)। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- মুক্তিযোদ্ধার কোঠায় আবেদনের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্ক উল্লেখপূর্বক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র থাকতে হবে।
- প্রার্থীর শারীরিক যোগ্যতা: ক) উচ্চতা: পুরুষ প্রার্থীর ক্ষেত্রে ন্যূনতম ৫ ফুট ২ ইঞ্চি এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে ন্যূনতম ৫ ফুট; খ) বৃকের মাপ: পুরুষ প্রার্থীর ক্ষেত্রে ন্যূনতম ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে ন্যূনতম ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) গ) ওজন: পুরুষ প্রার্থীর ক্ষেত্রে ন্যূনতম ৫০ কেজি ও মহিলা প্রার্থীর ক্ষেত্রে ন্যূনতম ৪৫ কেজি।
- শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম এইচ.এস.সি পাশ/কোন স্বীকৃত বোর্ড হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা মহাদ্বার পদে ন্যূনতম ১০ (দশ) বছর চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে।
- যেকোন তপসিলভুক্ত বাণিজ্যিক ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল বরাবর ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, ইউনিয়নের নাম, ওয়ার্ড নম্বর, শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি, চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত ফটোকপি এবং পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৩ কপি রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- দফাদার পদে নিয়োগের ক্ষেত্রে বিধিমালায় বর্ণিত যোগ্যতায় বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত গ্রাম-পুলিশদের পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।
- প্রার্থীকে স্বাস্থ্য পরীক্ষার ডাক্তারি সনদ ও পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন সাপেক্ষে নিয়োগপত্র প্রদান করা হবে।
- সরকার কর্তৃক সর্বশেষ স্বীকৃত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে এবং জারিকৃত প্রজ্ঞাপন/নীতিমালা অনুযায়ী বেতন ভাতা প্রদান করা হবে।
- নিয়োকারী কর্তৃপক্ষ গ্রাম-পুলিশ নিয়োগবিধি/প্রজ্ঞাপন অনুযায়ী যেকোন সময় যেকোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করবেন।


(শাহাদাত হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
কালিহাতি, টাঙ্গাইল।